

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
খুলনা।



সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (রাজস্ব) নিয়োগ ২০২৫ এর লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। খুলনা জেলার নির্বাচিত প্রার্থীদের পদায়ন ০১ মার্চ ২০২৬ খ্রি. তারিখের পরে পদায়ন করা হবে। আগামী ২৪/০২/২০২৬ খ্রি. থেকে ০১/০৩/২০২৬ পর্যন্ত পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস (স্বাস্থ্য সনদসহ) যাচাই করা হবে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ও পদায়ন কার্যক্রম শূন্যপদ সাপেক্ষে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বার্থ, দুর্গম এলাকা, শিক্ষক-শিক্ষার্থী অনুপাত, একশিফট বিদ্যালয় ইত্যাদি বিবেচনায় নিয়ে স্বচ্ছতা ও নিরপেক্ষতা এবং দুর্নীতিমুক্তভাবে সম্পন্ন করা হয়। এক্ষেত্রে কোন ধরনের তদবির, সুপারিশ করার প্রয়োজন নেই। কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই।

পদায়ন সংক্রান্ত যে কোন কার্যক্রমের জন্য দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো। কেউ অর্থের বিনিময়ে পদায়নের জন্য প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় অথবা গোয়েন্দা সংস্থাকে অথবা নিম্নস্বাক্ষরকারী এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(Handwritten signature)

শেখ আহিদুল আলম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
খুলনা।

স্মারক নং - ৩৮.০১.৪৭০০.০০০.১১.০০২.২৩. ২৭৫/২

তারিখ: ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)
২. পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৫. যুগ্ম পরিচালক, জাতীয় গোয়েন্দা নিরাপত্তা (এনএসআই), খুলনা।
৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৭. সুপারিনটেনডেন্ট, পিটিআই, খুলনা।
৮. থানা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা : খুলনা।
৯. ইন্সট্রাক্টর, থানা/উপজেলা প্রাথমিক শিক্ষা ট্রেনিং সেন্টার (সকল), জেলা : খুলনা।
১০. সংরক্ষণ নথি।

(Handwritten signature)

শেখ আহিদুল আলম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
খুলনা।